**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 08-03-2025**
**Time: 07:58-08:10 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) আজ আন্তর্জাতিক নারী দিবস | রাজ্যেও দিনটি যথাযথ মর্যাদায় উদযাপিত |**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন ২০৪৭ সালে বিকশিত ভারত গড়ার লক্ষে সারা দেশের সঙ্গে ত্রিপুরাও এগিয়ে চলছে ।**

**(৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন যে ভারত বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতিতে পরিণত হওয়ার দিকে এগিয়ে যাওয়ার সঙ্গে সঙ্গে কর্মক্ষেত্রে আরও বেশি করে নারীদের উপস্থিতি প্রয়োজন ।**

**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, সরকার প্রতিটি পদক্ষেপে নারীর মর্যাদা এবং কল্যাণকে সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে ।**

**************************************

**IWD-State :**

আজ আন্তর্জাতিক নারী দিবস। আজ রাজ্যেও যথাযথ মর্যাদায় আন্তর্জাতিক নারী দিবস উদযাপন করা হয়। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ খোয়াই-এ নতুন টাউন হলে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করেন। তিনি বলেন, নারী ক্ষমতায়ন ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। কেন্দ্রীয় সরকার নারীদের সশক্তিকরনের উদ্দেশ্যে আন্তরিকভাবে কাজ করছে। তিনি বাল্যবিবাহ রোধে জনগণকে আরোও সচেতন হবার আহবান জানান। উপস্থিত ছিলেন বিধানসভার মুখ্য সচেতক কল্যাণী রায়। অনুষ্ঠানে নারীদের ক্ষমতায়ন নিয়ে বিভিন্ন তথ্যচিত্র ও প্রদর্শন করা হয়।

রাজ্য মহিলা কমিশনের উদ্যোগে আজ সকালে আগরতলায় এক মিছিল শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। এতে অংশ নেন ক্রীড়া বিষয়ক মন্ত্রী টিংকু রায়, মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেববর্মা, পুর নিগমের ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত। রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গনে মিছিলের আগে উপস্থিত সবাইকে শপথ বাক্য পাঠ করানো হয়।

সিপাহীজলা জেলাভিত্তিক অনুষ্ঠানটি হয় বিশ্রামগঞ্জের শচীন দেববর্মন স্মৃতি কলাক্ষেত্রে। উদ্বোধন করেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত। তিনি বলেন, নারী দিবসের মূল উদ্দেশ্যই হলো লিঙ্গ বৈষম্য দূর করা ও নারীদের অধিকার প্রতিষ্ঠায় সচেতনতা বৃদ্ধি করা।

গোমতি জেলার আটটি ব্লক এলাকায় নানা কর্মসূচির মধ্য দিয়ে আজ আন্তর্জাতিক নারী দিবস উদযাপন করা হয়। জেলার মূল অনুষ্ঠানটি হয় উদয়পুর শিশু উদ্যান প্রাঙ্গনে। উদ্বোধন করেন পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার। সেখানে এক বিশেষ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে পুর পরিষদের সাফাই কর্মীদের সুরক্ষা সামগ্রী ও পুর পরিষদ এলাকার স্বসহায়ক দলের কর্মীদের পুরস্কৃত করা হয়।

বিলোনিয়ার ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কলেজে "নারীর ক্ষমতায়ন ও সমতায়নে ত্বরান্বিত পদক্ষেপ" - শীর্ষক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। বক্তব্য রাখেন কলেজের অধ্যক্ষ ড. মনোরঞ্জন দাস, জাতীয় সেবা প্রকল্পের পক্ষে অধ্যাপক নিতাই চৌধুরী, অধ্যাপিকা ড.মৌঝুরী ভৌমিক সহ অন্যান্যরা।

এদিকে, আগরতলায় রাজ্য বিদ্যুৎ নিগমের কর্পোরেট কার্যালয়েও আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়। বক্তব্য রাখেন নিগমের ম্যানেজিং ডিরেক্টর বিশ্বজিৎ বসু, অর্থ অধিকর্তা সর্বজিৎ সিং ডোগরা।

****************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন ২০৪৭ সালে বিকশিত ভারত গড়ার লক্ষে সারা দেশের সঙ্গে ত্রিপুরাও এগিয়ে চলছে। সেজন্য মানুষের

জীবনযাত্রার মানোন্নয়ন, শিক্ষা, স্বাস্থ্য আইন শৃঙ্খলা সব দিকেই উন্নয়নকে অগ্রাধিকার দিয়ে কাজ করছে রাজ্য সরকার। আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে বিজেপি নেতৃত্বাধীন রাজ্য সরকারের দুই বছর পুর্তি অনুষ্ঠানে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, ত্রিপুরাতে অর্থনৈতিক দিক দিয়ে যে উন্নয়ন হচ্ছে তার উদাহরণ হচ্ছে জিডিপি'র বৃদ্ধি।

########Byte-CM########

মুখ্যমন্ত্রী আরো বলেন ২০১৭-১৮ অর্থবছরে রাজ্যে মানুষের মাথাপিছু আয় ছিল বার্ষিক ১ লক্ষ ৪৪৪ টাকা আর বর্তমানে মাথাপিছু আয় বেড়ে দাঁড়িয়েছে ১ লক্ষ ৭৭ হাজার ৪২৩ টাকা। তিনি বলেন, রাজ্য সরকার চাইছে রাজ্যের সবকটি গ্রাম শহরের উন্নয়ন। সে উদ্দেশ্যে রাজ্য সরকার গত সাত বছরে প্রায় ২২টি রাজ্য প্রকল্প চালু করেছে। গত সাত বছরে রাজ্যে পরিকাঠামো উন্নয়ন, আবাসন, স্বাস্থ্য সুরক্ষা, শিক্ষা ও অর্থনৈতিক অগ্রগতির বিষয়ে মুখ্যমন্ত্রী বিস্তারিত আলোকপাত করেন। উপস্থিত ছিলেন সাংসদ রাজীব ভট্টাচার্য ও কৃতি দেবী দেববর্মন, রাজ্য মন্ত্রিসভার সদস্যগণ এবং রাজ্য প্রশাসন ও আরক্ষা দপ্তরের উষ্চপদস্থ আধিকারিকগণ।

*************************

**Leader of the Opps :**

বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী আজ আগরতলায় বিধানসভা ভবনে এক সাংবাদিক সম্মেলনে অভিযোগ করেন বিজেপি নেতৃত্বাধীন রাজ্য সরকার বহু ক্ষেত্রেই প্রতিশ্রুতি রক্ষা করেনি। তিনি বলেন, বিজেপি'র নেতৃত্বাধীন সরকারের সাত বছর পূর্ণ হয়েছে। প্রথম বছরে ৫০ হাজার চাকরি প্রদানের, প্রতিশ্রুতি ছিল। তা পূরণ হয় নি। এম জি এন রেগা ও টুয়েপে বছরে ২০০ দিন কাজ ও দৈনিক ৩৪০ টাকা মজুরি প্রদানের প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল সরকার তাও পূরণ করেনি বলে শ্রী চৌধুরী অভিযোগ করেন। তিনি আরো অভিযোগ করেন রাজ্য সরকার সরকারী কর্মচারীদের জন্য সপ্তম কেন্দ্রীয় বেতন কমিশনের সুপারিশ যথাযথভাবে কার্যকর করে নি। বকেয়া ডিএ-র পরিমান বেড়ে দাঁড়িয়েছে ২৩ শতাংশে। অনিয়মিত

কর্মচারীদের নিয়মিত করনের প্রতিশ্রুতিও রাজ্য সরকার কার্যকর করছে না। সাংবাদিক সম্মেলনে বিরোধী দলনেতা ত্রিপুরা মেডিক্যাল কলেজে, ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববদ্যালয়, TFDPC, সিপাহীজলা জেলার পুলিশ সুপারের কার্যালয়ে দূর্নীতির ঘটনা সম্পর্কে বিস্তারিত উল্লেখ করেন। দুর্নীতির বিরুদ্ধে রাজ্য সরকার যথাযথ ব্যবস্থা নিচ্ছে না বলে তিনি অভিযোগ করেন। সাংবাদিক সম্মেলনে বিধায়ক নয়ন সরকার ও সুদীপ সরকার উপস্থিত ছিলেন।

***************************

**Lok Adalat :**

ত্রিপুরা হাইকোর্ট সহ রাজ্যের সবকটি আদালতে ২১টি বেঞ্চে আজ জাতীয় লোক আদালত বসে। রাজ্য আইন সেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী জানান, লোক আদালতে ২১,২৪৭টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হয়।

***************************

**Parliament Budget :**

সংসদের বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্ব আগামী সোমবার থেকে শুরু হবে। ৪ঠা এপ্রিল পর্যন্ত এই অধিবেশন চলবে। অধিবেশন চলাকালীন, ২০২৫-২৬ অর্থবর্ষের জন্য অনুদানের দাবি এবং সংশ্লিষ্ট বরাদ্দ বিলের উপর আলোচনা এবং ভোটাভুটি অনুষ্ঠিত হবে। এছাড়াও, ব্যাংকিং আইন (সংশোধন) বিল, উপকূলীয় জাহাজ চলাচল বিল, ২০২৪ ত্রিভুবন সহকারী বিশ্ববিদ্যালয় বিল, অভিবাসন ও বিদেশী বিল, ২০২৫ এবং রেলওয়ে (সংশোধন) বিল সহ বেশ কয়েকটি বিল আলোচনা এবং পাসের জন্য উত্থাপিত হবে। উল্লেখ্য, সংসদের বাজেট অধিবেশনের প্রথম পর্ব ৩১শে জানুয়ারী থেকে ১৩ই ফেব্রুয়ারী পর্যন্ত অনুষ্ঠিত হয়েছিল।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**IWD-President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ বলেছেন যে ভারত বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতিতে পরিণত হওয়ার দিকে এগিয়ে যাওয়ার সঙ্গে সঙ্গে কর্মক্ষেত্রে আরও বেশি করে নারীদের উপস্থিতি প্রয়োজন। আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে আজ নতুনদিল্লিতে ‘নারী শক্তি থেকে উন্নত ভারত’ বিষয়ক একদিনের সম্মেলনে ভাষণ দিতে গিয়ে রাষ্ট্রপতি বলেন যে জাতির কন্যারা একটি উন্নত ভারতের দৃষ্টিভঙ্গি বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। তিনি নারীদের অগ্রগতি এবং তাদের সম্ভাবনা পূরণে সহায়তা করার জন্য একটি সহায়ক পরিবেশ তৈরির গুরুত্ব তুলে ধরেন।

######Byte-President######

রাষ্ট্রপতি নারীদের স্বনির্ভর গোষ্ঠীর সঙ্গে সংযুক্তকরণ, অর্থনৈতিক স্বনির্ভরতার জন্য লক্ষপতি দিদি কর্মসূচি এবং নমো ড্রোন দিদি যোজনার মতো উদ্যোগগুলিও তুলে ধরেন।

রাষ্ট্রপতি আরও উল্লেখ করেন যে আন্তর্জাতিক নারী দিবস হল নারীদের অমূল্য অবদানকে সম্মান জানানোর এবং লিঙ্গ সমতা অর্জনের প্রতিশ্রুতি

পুনর্ব্যক্ত করার একটি সময়। কেন্দ্রীয় আইন ও বিচার মন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল এবং মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রী অন্নপূর্ণা দেবী সমাবেশে বক্তব্য রাখেন।

*****************************

**PM, GUJARAT :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন যে তাঁর সরকার নারীর ক্ষমতায়নের জন্য নিবেদিতপ্রাণ। আজ আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে গুজরাটের নভসারিতে 'লাখপতি দিদি সম্মেলনে' ভাষণ দিতে গিয়ে শ্রী মোদী বলেন যে ভারত নারী-নেতৃত্বাধীন উন্নয়নের দিকে এগিয়ে চলেছে, সরকার প্রতিটি পদক্ষেপে নারীর মর্যাদা এবং কল্যাণকে সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে।

#######Byte-PM 1 #######

প্রধানমন্ত্রী বলেন যে সরকার সারা দেশে হাজার হাজার শৌচাগার তৈরি করেছে, যাতে নারীদের মৌলিক স্বাস্থ্যবিধি এবং গোপনীয়তার সুযোগ নিশ্চিত করা যায়। তিনি আরও উল্লেখ করেন যে সাম্প্রতিক বছরগুলিতে বিভিন্ন ক্ষেত্রে মহিলাদের অংশগ্রহণ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। তিনি গুজরাটের সমবায় মডেল, বিশেষ করে শ্বেত বিপ্লব এবং নারী-নেতৃত্বাধীন জল কমিটিগুলির প্রশংসা করেন।

#######Byte-PM 2 #######

অনুষ্ঠানে, প্রধানমন্ত্রী ২৫,০০০-এরও বেশি স্বনির্ভর গোষ্ঠীর আড়াই লক্ষেরও বেশি মহিলাকে ৪৫০ কোটি টাকা আর্থিক সহায়তা প্রদান করেন। তিনি পাঁচ জনকে লাখপতি দিদি সার্টিফিকেট দিয়ে সম্মানিত করেন।

*****************************

**IWD :**

আজ আন্তর্জাতিক নারী দিবস উদযাপন এবং নারীদের প্রতি শ্রদ্ধা / ও মর্যাদা জ্ঞাপন করছে আকাশবাণী আগরতলার সংবাদ বিভাগ। এনিয়ে আমাদের একটি বিশেষ প্রতিবেদন -

# # # # # # # # # VC Package # # # # # # # #

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *